

পুরস্কার প্রদান অনুষ্ঠান (এপিএ, ইনোভেশন এবং শুদ্ধাচার)



মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি কর্তৃক অদ্য ২৭ জুন ২০২১ তারিখ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ইনোভেশন ও শুদ্ধাচার বিষয়ে ২০২০-২০২১ সনের পুরস্কার প্রদান করা হয়। সিনিয়র সহকারী পরিচালক জনাব মোঃ আব্দুর রাজ্জাককে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নে বিশেষ অবদান রাখার জন্য এবং সিনিয়র সহকারী পরিচালক জনাব পঙ্কজ কুমার পালকে সেবা উদ্ভাবনী পুরস্কারে ভূষিত করা হয়। এছাড়া উপপরিচালক জনাব মোঃ আবু বকার সিদ্দিক এবং অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি অপারেটর জনাব মোঃ জাকারিয়া খাঁনকে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এমআরএ-এর সম্মানিত এক্সিকিউটিভ ভাইস-চেয়ারম্যান জনাব মোঃ ফসিউল্লাহ্ এবং প্রধান অতিথি হিসেবে ছিলেন আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ হাবুন অর রশিদ মোল্লা। উক্ত কর্মশালায় মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির নির্বাহী পরিচালক, পরিচালকসহ সকল কর্মকর্তা অংশগ্রহণ করেন।